

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, বাংলাদেশ, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নং-৩৩.০১.০০০০.১০২.২০.০০২.২৬-২০২

তারিখ : ২০-০৪-২০২০


বিষয় : চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব বাজেটের সম্ভাব্য অব্যয়িত অর্থ সমর্পণ এবং চাহিদা সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে জুলাই/২০২৫ থেকে অদ্যাবধি সময় পর্যন্ত আপনার এবং আপনার অধিনস্থ দপ্তরসমূহে রাজস্ব বাজেট থেকে যে বরাদ্দ প্রদান/বন্টন/বিভাজন করা হয়েছে (সংযুক্ত আইবাস রিপোর্ট অনুযায়ী), উক্ত বরাদ্দ হতে জুন/২০২৬ পর্যন্ত সম্ভাব্য ব্যয় নির্ধারণ করে (বেতন-ভাতা মে/২০২৬ পর্যন্ত) অব্যয়িত অর্থ নিম্নোক্ত ছকপত্র মোতাবেক দপ্তরওয়ারী আলাদা আলাদা পৃষ্ঠায় আগামী ২৩/০৪/২০২৬ তারিখের মধ্যে সরাসরি/বিশেষ দূত মারফত /ই-মেইল মারফত (monirdls@gmail.com) অধিদপ্তরের বাজেট শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য যে, বেতন-ভাতা জুন/২০২৫ হতে মে/২০২৬ পর্যন্ত ব্যয় ধরতে হবে, কেননা জুন/২০২৬ মাসের বেতন-ভাতা জুলাই/২০২৬ মাসে পরিশোধ হয় বিধায় আগামী (২০২৬-২০২৭) অর্থবছরের বাজেট থেকে তা পরিশোধ হবে। কোন বকেয়া বেতন-ভাতা অতিরিক্ত চাহিদার (কলাম-৭) কলামে দেখানো যাবে না। বকেয়া বেতন-ভাতার চাহিদা কলাম-৮ এ দেখাতে হবে। রাজস্বখাত ব্যতীত কোন প্রকল্প থেকে প্রাপ্ত বরাদ্দ, ব্যয় ও সমর্পনের হিসাব এই হিসাবে অন্তর্ভুক্ত করা যাবে না। প্রকল্প থেকে প্রাপ্ত বরাদ্দ, ব্যয় ও সমর্পনের হিসাব সংশ্লিষ্ট প্রকল্প দপ্তরে প্রদান করতে হবে।

সমর্পণের ছকপত্র

প্রাণিসম্পদ অধিদপ্তর ও অধিনস্থ দপ্তর সমূহের ২০২৫-২০২৬ অর্থবছরের সম্ভাব্য সমর্পণ ও চাহিদার বিবরণী :									
কোড নং ও দপ্তরের নাম :									
অর্থনৈতিক কোড (*)	বিবরণ	২০২৫-২৬ অর্থ বছরে মোট প্রাপ্ত বরাদ্দ	২০২৫-২৬ অর্থ বছরের মার্চ/২৫ পর্যন্ত প্রকৃত ব্যয়	২০২৫-২৬ অর্থ বছরের জুন/২৬ পর্যন্ত বাৎসরিক সম্ভাব্য ব্যয়	অবশিষ্ট/সমর্পনকৃত অর্থের পরিমাণ (৩-৫)	অতিরিক্ত চাহিদা (যদি থাকে)	বকেয়া বেতন-ভাতার চাহিদা (যদি থাকে)	মন্তব্য	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	
৩১	কর্মচারীদের প্রতিদান								
৩১১১০১	মূল বেতন (কর্মকর্তা)								
৩১১১১০	ছুটি নগদায়ন বেতন (অফিসার)								
৩১১১২০১	মূল বেতন (কর্মচারী)								
৩১১১৩৫২	বিশেষ সুবিধা								

* উপরোক্ত উপকোড একটি নমুনা মাত্র। সংযুক্ত আইবাস রিপোর্ট অনুযায়ী প্রাপ্ত সকল উপকোডের বরাদ্দ এই ছকে উল্লেখ করতে হবে তবে আইবাস রিপোর্টে বেতন ভাতা ব্যতীত অন্যান্য খাতে কোন ভুল পরিলক্ষিত হলে বা হার্ড কপি অতিরিক্ত বরাদ্দ আইবাসে অন্তর্ভুক্ত দেখালে মন্তব্যের কলামে তা উল্লেখ করতে হবে।


মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

বিতরণ :

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হ'ল।

- ১-২) পরিচালক, উৎপাদন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণাগার, মহাখালী, ঢাকা।
- ৪) পরিচালক, বি.সি.এস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা
- ৫-১২) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ১৩) পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৪) পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ১৫) পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৬) পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
- ১৭) সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কিউ, সি ল্যাব, সাভার, ঢাকা।
- ১৮) সিনিয়র সহকারী পরিচালক, জেলা পিগ ফার্ম, রাংগামাটি পার্বত্য জেলা।
- ১৯-৮২) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল),। জেলা দপ্তর, মেটো দপ্তর ও আপনার অধীনস্থ উপজেলা দপ্তর এবং প্রাণিসম্পদ কোয়ারেন্টেইন স্টেশনসমূহের সমর্পনের হিসাব (উপজেলা/দপ্তরওয়ারী আলাদা আলাদা পৃষ্ঠায়) অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হ'ল।
- ৮৩-১৪৭) ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল (সকল),। হিসাব সরাসরি অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হ'ল।
- ১৪৮) সহকারী পরিচালক, প্রাণি ক্রয় উন্নয়ন ও বিপণন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ১৪৯) ভেটেরিনারি সার্জন, রংপুর চিড়িয়াখানা/ বিনোদন উদ্যান, রংপুর।
- ১৫০) অত্র অধিদপ্তরের হিসাব শাখা।